

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

কুমিলা শাখা, কুমিলা

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কুমিলা শাখা, ১২৫/১১৭, ছাতি পট্টি, রাজগঞ্জ, ডাকঘর-কুমিলা, থানা-কোতয়ালী, জেলা-কুমিলা এর ঋণগ্রহীতা মেসার্স এম.আলম, ঠিকানা-সদর হসপিটাল রোড, মনোহরপুর, কুমিলা, মালিক- আলহাজ্ব মাহবুব আলম, পিতা- জনাব রতন মিয়া, ঠিকানা-বাড়ী নং-১১৪/১২১, ইশান ভবন, উজির দিঘীরপাড় (দক্ষিণ), মনোহরপুর, কুমিলা, কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিঃ তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমোক্তার দলিলমূলে নিঃ তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৮/১১/২০১৪ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ৫,৭২,৭৫,২১৮.৮৬ (পাঁচ কোটি বাহুত্তর লক্ষ পঁচাত্তর হাজার দুইশত আঠার টাকা ছিয়াশি পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি সমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিঃ বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

- 1) 09 decimals land with 03 (Three) storied building measuring 5400 square feet situated at Ujirdighir Par (South), Mouza- Monoharpur, P.S. Kotwali, District- Comilla within Comilla City Corporation vide CS. Khtian No.11, R.S. Khatian No.45/46, B.S.539, Mutation Khatian No.1200 & 1250, CS Plot No.23, RS Plot-38, BS Plot -622.
- 2) 34 decimals vacant land, situated at District- Comilla, P.S. Kotwali, Mouza- Ashrafpur, C.S.Khatian No.56, RS.Khatian No.72, Mutation Khatian No.609, DP-220, 544, CS & RS Plot No. 198, BS Plot No. 1086.
- 3) 7.39 decimals land with 02 (Two) storied building measuring 10760 Sft. situated at Thakurpara, Mouza- Kandirpar, J.L. No.285, P.S. Kotwali, Dist. Comilla within City Corporation, C.S. Khatian No.1289, RS.Khatian No.681, Separate Khatian No.2277, Mutation No.2600, BS- DP-773, CS & RS Plot No.2223, 2254 (Sabek sett. Plot No.1020 and 1021) BS. Plot No.6201, 6206.
- 4) 1.25 decimals vacant land situated at Dist. Comilla, P.S. Kotwali, Mouza- Bazrapur, J.L. No.RS.240, BS.157, R.S. Khatian No.247, B.S. Khatian No.3522, D.P. Khatian No.2173, Separation Khatian No.2757, Mutation Kh. No.3122, RS Plot No.731, BS- Plot No.3505.
- 5) 0.44 decimals land with a 2 storied building measuring 1196 square feet situated at District- Comilla, P.S. Kotwali, Mouza- Bazrapur, J.L- No.R.S.240, BS.157, RS- Kh.No.247, BS- Kh. No.3521, DP-2161, Separation Kh.2642, RS- Plot No.731, BS- Plot No.3505/3506.

নিলামের শর্তাবলী

- ১) দরপত্র আগামী ০৪.০১.২০১৫ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কুমিলা শাখা এ রক্ষিত বাঞ্ছ সারাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কুমিলা শাখা, কুমিলা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃক দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪) দরদাতাগন তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তি আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাণ্ড বা কম প্রতীয়মান হইলে নিঃস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিগনকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিঃ স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ কুমিলা শাখা, কুমিলা